(একই তারিখ স্মারকে স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর Feedback সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ২০ ডিসেম্বর ২০২১, বেলা ২.৩০ ঘটিকা |
| স্থান | : | ভবন নম্বর-০৯, কক্ষ নম্বর-২৫, পরিকল্পনা বিভাগ |
| সভাপতি | : | জনাব মো: দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ, ঢাকা |
| উপস্থিতি | | পরিশিষ্ট-ক |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস) এর কর্মসম্পাদন সূচক ১.৭ অনুযায়ী আওতাধীন দপ্তর কর্তৃক দাখিলকৃত কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের নির্দেশনা আছে। সে আলোকে অধীন দপ্তর বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের জন্য এ সভা আহবান করা হয়েছে।

২.০০ সভাকে জানানো হয় যে, চলতি ২০২১-২২ অর্থবছরে বিআইডিএস এর শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১৭টি কার্যক্রমের অধিন ১৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

২.১ কর্মসম্পাদন সূচকের ১.১ ও ১.২ অনুযায়ী নৈতিকতা কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে;
২.২ কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী স্টেক হোল্ডারদের অংশগ্রহণে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে;
২.৩ কর্মসম্পাদন সূচক ১.৪ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে;
২.৪ কর্মসম্পাদন সূচক ১.৫ অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়নের ১টি প্রতিবেদন প্রদান করা হয়েছে;
২.৫ কর্মসম্পাদন সূচক ১.৬ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;
২.৬ কর্মসম্পাদন সূচক ১.৭ অনুযায়ী বিআইডিএস এর কোন আঞ্চলিক কার্যালয় নেই;
২.৭ কর্মসম্পাদন সূচক ১.৮ অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে প্রদান করা হবে;
২.৮ কর্মসম্পাদন সূচক ২.১ অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে;
২.১০ কর্মসম্পাদন সূচক ২.৩ অনুযায়ী ডিসেম্বর/২০২১ পর্যন্ত এডিপি ২৫% বাস্তবায়ন হয়েছে;
২.১১ কর্মসম্পাদন সূচক ২.৪ অনুযায়ী বিআইডিএস'এ কোন সমাপ্ত প্রকল্প নেই;
২.১২ কর্মসম্পাদন সূচক ৩.১ অনুযায়ী সম্পাদিত গবেষণা সমীক্ষার সারসংক্ষেপ ৩১/১২/২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে;
২.১৩ কর্মসম্পাদন সূচক ৩.২ অনুযায়ী চলমান গবেষণা সমীক্ষার সার সংক্ষেপ ৩১/১২/২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে;
২.১৪ কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী সমীক্ষার মাঠ পর্যায়ে ৩৫ জন তথ্য সংগ্রহকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
২.১৫ কর্মসম্পাদন সূচক ৩.৪ অনুযায়ী গবেষকদের Personal Activities ওয়েবসাইটে ৩১/১২/২১ তারিখে প্রকাশিত হয়েছে;
২.১৬ কর্মসম্পাদন সূচক ৩.৫ অনুযায়ী শুদ্ধাচার উদ্বুদ্ধকরণ সভাটি এখনও অনুষ্ঠিত হয়নি।

৩.০০ চলতি ২০২১-২২ অর্থবছরে এনএপিডি এর শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১৭টি কার্যক্রমের অধিন ১৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

৩.১ কর্মসম্পাদন সূচকের ১.১ ও ১.২ অনুযায়ী নৈতিকতা কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে;
৩.২ কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী স্টেক হোল্ডারদের অংশগ্রহণে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে;
৩.৩ কর্মসম্পাদন সূচক ১.৪ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে;
৩.৪ কর্মসম্পাদন সূচক ১.৫ অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়নের ১টি প্রতিবেদন প্রদান করা হয়েছে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৩.৫ কর্মসম্পাদন সূচক ১.৬ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;
৩.৬ কর্মসম্পাদন সূচক ১.৭ অনুযায়ী এনএপিডি এর কোন আঞ্চলিক কার্যালয় নেই;
৩.৭ কর্মসম্পাদন সূচক ১.৮ অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে প্রদান করা হবে;
৩.৮ কর্মসম্পাদন সূচক ২.১ অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে;
৩.৯ কর্মসম্পাদন সূচক ২.৩ অনুযায়ী ডিসেম্বর/২০২১ পর্যন্ত এডিপি বাস্তবায়নের হার উল্লেখ করা হয়নি;
এছাড়া কার্যক্রম ৩.১ থেকে ৩.৫ এর বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক।

৪.০০ সভায় উপস্থাপিত শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনা হয়। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রমের ৫টি কর্মসম্পাদন সূচকের অগ্রগতি খুবই মন্থর। সভায় সকল কর্মসম্পাদন সূচকগুলোর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। প্রকল্পের পিএসসি/পিআইসি সভা অনুষ্ঠানের অগ্রগতি কোয়ার্টারভিত্তিক হয়নি। জরুরী ভিত্তিতে শুদ্ধাচার সংক্রান্ত উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা প্রয়োজন।

৫.০০ **বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

৫.১ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচকসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫.২ সম্পাদিত কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ ও সরবরাহ করতে হবে।

৬.০০ অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০/১২/২০২১
(মোঃ দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০.৩২৮.৪৪.০০.২১-৪০২

তারিখঃ ০৫ পৌষ, ১৪২৮ / ২০ ডিসেম্বর, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা
২। উপসচিব (এপিএ/বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), নীলক্ষেত, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা
৫। গবেষণা কর্মকর্তা, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৬। প্রশাসনিক কর্মকর্তা, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. অতিরিক্ত সচিব (বাজেট ও এপিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরেধসহ)
৪. সংশ্লিষ্ট নথি

20/12/2021

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২
E-mail: ro.pms@plandiv.gov.bd

D:\National Intergity Strategy\NIS minuties.docx